দৈনিক ইনকিলাব

40

তারিখ 24 JUL 1998
পৃঃ 2 কলাম ৮

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# ফি বৃদ্ধিতে সৃষ্ট উত্তেজনার কারণে আহূত আজকের সিন্ডিকেট সভা ছাত্র সংগঠন ঘেরাও-এর ডাক দিয়েছে

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** ছাত্র বেতন ও বাস ভাড়াসহ বিভিন্ন খাতে ফি বৃদ্ধির জের ধরে উদ্ভূত উত্তেজনার পরিস্থিতিতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আজ শুক্রবার সিন্ডিকেট বৈঠক আহবান করেছেন। বর্ধিত ফি প্রত্যাহারের দাবী আদায়ে আন্দোলনরত ছাত্র সংগঠনগুলো সিন্ডিকেট ঘেরাও করার আগাম ঘোষণা দিয়েছে। এই দাবীতে গতকালও ক্যাম্পাসে ব্যাপক বিক্ষোভ প্রদর্শন ও প্রতীক গণঅনশন কর্মসূচী পালিত হয়েছে। এদিকে প্রীতিলতা হলের ১৭ জন ছাত্রীকে রাত ১টা পর্যন্ত হলের বাইরে রাখা এবং ৩ জন ছাত্রীকে হল থেকে বহিষ্কারের ঘটনায় বিক্ষুব্ধ শত শত ছাত্রী ভিসি ভবন ঘেরাও করে রাখে। বুধবার দুপুর থেকে টানা ১৫ ঘন্টা অবরুদ্ধ থাকার পর ৩ ছাত্রীর বহিষ্কারাদেশ প্রত্যাহার ও অন্যান্য দাবী বাস্তবায়নের আশ্বাসের পরিপ্রেক্ষিতে ছাত্রীরা গতকাল বৃহস্পতিবার ভোর ৪টায় অবরোধ প্রত্যাহার করে। জানা গেছে, বিশ্ববিদ্যালয়ের ছাত্রীদের মার্কেটিং বাসের ভাড়া পূর্বের ২ টাকা থেকে বর্ধিত করে ৫ টাকা ধার্য করা হয়। ছাত্রীরা বর্ধিত ভাড়া দিতে অস্বীকৃতি জানালে ট্রান্সপোর্ট কর্তৃপক্ষ ছাত্রীদের বাস দেয়নি। এর প্রতিবাদে মঙ্গলবার সন্ধ্যায় আবাসিক ছাত্রীরা ট্রান্সপোর্ট ঘেরাও করে। ঘেরাও শেষে হলে ফিরতে নির্দিষ্ট সময় রাত ৮টা অতিক্রান্ত হয়ে গেলে প্রীতিলতা হলের প্রভোস্ট ছাত্রীদের হলে প্রবেশে 'মুচলেকা' আদায়ের চেষ্টা করেন। ছাত্রীরা এতে অস্বীকৃতি জানালে প্রভোস্ট তাদেরকে বাইরে রেখে তালা লাগিয়ে দেন। রাত প্রায় ১টার দিকে ছাত্রীরা তালা ভেঙ্গে হলে প্রবেশ করে। এতে শৃংখলা ভঙ্গের দায়ে সাদিয়া, নাসরিন, সীমা দত্ত ও সুলতানা রাজিয়া নামে ৩ ছাত্রীকে হল থেকে বহিষ্কার করা হয়।